



নির্বাচনকে সংকটের মুখে ফেলার চেষ্টা চলছে: তারেক রহমান



সংগৃহীত ছবি

একটির পর এক শর্ত আরোপের মাধ্যমে গণতন্ত্রের পথে বাধা সৃষ্টি করা হচ্ছে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, দেশের অগণতান্ত্রিক শক্তির পরিকল্পিত প্রচেষ্টার কারণে সংঘবদ্ধভাবে বিএনপির বিজয় থামানোর চেষ্টা চালানো হচ্ছে। এই পরিস্থিতি জনমনে উদ্বেগ তৈরি করেছে এবং নির্বাচনের স্বাভাবিক প্রক্রিয়াকে ঝুঁকির মুখে ফেলতে পারে।

রোববার (২ নভেম্বর) রাজধানীর গুলশানে একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব মন্তব্য করেন।

তিনি উল্লেখ করেন, বিএনপি অতীতে নানা ষড়যন্ত্রের শিকার হয়েছে। দেশের নির্বাচনী ব্যবস্থাকে ধ্বংস করে স্বৈরাচার প্রতিষ্ঠার চেষ্টা করা হয়েছিল। আজও বিএনপির বিজয় রুখতে বিভিন্ন অপপ্রচার ও কৌশল দেখা যাচ্ছে। তবে তার দৃঢ় বিশ্বাস, যারা বাংলাদেশের জাতীয়তাবাদে বিশ্বাসী, তারা একত্রিত থাকলে কোনো ষড়যন্ত্র বিএনপিকে জনগণ থেকে বিচ্ছিন্ন করতে পারবে না।

তারেক রহমান আরও বলেন, অনেকেই প্রশ্ন করছেন—নির্বাচন সময়মতো অনুষ্ঠিত হবে কি না। এ ধরনের সংশয় গণতন্ত্রের প্রক্রিয়াকে সংকটে ফেলতে পারে। একটি দায়িত্বশীল রাজনৈতিক দল হিসেবে বিএনপি সর্বদা জাতীয় ঐক্য রক্ষার স্বার্থে পদক্ষেপ নিয়েছে। কিন্তু একের পর এক শর্ত আরোপ করে নির্বাচনের পথ আরও কঠিন করা হচ্ছে। তিনি সকলকে এই পরিস্থিতির গুরুত্ব সম্পর্কে সতর্ক থাকার আহ্বান জানান।